रजिस्ट्री सं डी-*221*

**Registered No. D-221**
রেজিস্ট্রী নং ডি-২২১

सत्यमेव जयते

# भारत का राजपत्र
# The Gazette of India
# ভারতের গেজেট

## असाधारण
## EXTRAORDINARY
## বিশেষ

**भाग VII—अनुभाग 1**
**PART VII—Section 1**
**ভাগ ৭—অনুভাগ ১**

**Published by Authority**
**প্রাধিকারবলে প্রকাশিত**

| | | |
|---|---|---|
| सं 1 | नई दिल्ली, बुधवार, अप्रेल २३, २०२५ | बैसाख ३, १९४७ शक |
| **No. 1** | **NEW DELHI, WEDNESDAY, APRIL 23, 2025** | **[VAISAKHA 3, 1947 (SAKAY)** |
| নং 1 | নতুন দিল্লী, বুধবার, ২৩ শে এপ্রিল, ২০২৫ | [৩রা বৈশাখ, ১৯৪৭ (শক) |

**বিধি ও ন্যায় মন্ত্রণালয়**
**(বিধান বিভাগ)**

নতুন দিল্লী, ২৬ শে মার্চ, ২০২৫/৫ই চৈত্র, ১৯৪৭ (শক)

(১) দি রাজঘাট সমাধি অ্যাক্ট, ১৯৫১ (১৯৫১-এর ৪১ নং),

(২) দি প্রিভেনশন অফ্ ইনসাল্টস টু ন্যাশনাল অনার অ্যাক্ট, ১৯৭১ (১৯৭১-এর ৬৯ নং)-এর বঙ্গানুবাদ এতদ্দ্বারা রাষ্ট্রপতির প্রাধিকারাধীনে প্রকাশিত হইতেছে এবং তৎসমূহ প্রাধিকৃত পাঠ (কেন্দ্রীয় বিধি) আইন, ১৯৭৩ (১৯৭৩-এর ৫০)-এর ২ ধারার (ক) প্রকরণ অনুযায়ী প্রাধিকৃত পাঠরূপে গণ্য হইবে।

ডঃ রাজীব মনি

*সচিব*
বিধান বিভাগ
বিধি ও ন্যায় মন্ত্রণালয়
ভারত সরকার

## রাষ্ট্র গৌরব অপমান নিবারণ আইন, ১৯৭১
## (১৯৭১-এর ৬৯ নং আইন)

[২৩শে ডিসেম্বর, ১৯৭১]

রাষ্ট্র গৌরবের অপমান নিবারণ করণার্থ আইন।

ভারত সাধারণতন্ত্রের বাইশতম বর্ষে সংসদ কর্তৃক নিম্নরূপে বিধিবদ্ধ হইল —

সংক্ষিপ্ত নাম ও প্রসার।

১। (১) এই আইন রাষ্ট্র গৌরব অপমান নিবারণ আইন, ১৯৭১ নামে অভিহিত হইবে।

(২) ইহা সমগ্র ভারতে প্রসারিত হয়।

ভারতের জাতীয় পতাকা ও ভারতের সংবিধানের অপমান।

২। যে কেহ কোন সার্বজনিক স্থানে বা সার্বজনিক দৃষ্টিগোচরাধীন অন্য কোন স্থানে, ভারতের জাতীয় পতাকা অথবা ভারতের সংবিধান বা উহার কোন অংশ পোড়ান, অবচ্ছিন্ন করেন, বিরূপিত করেন, অপবিত্র করেন, বিকৃত করেন, বিনষ্ট করেন, পদদলিত করেন অথবা অন্যথা (কথিত বা লিখিত শব্দের দ্বারাই হউক বা কার্যের দ্বারাই হউক) তৎপ্রতি অশ্রদ্ধা প্রদর্শন করেন বা অবমাননা করেন, তিনি তিন বৎসর পর্যন্ত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে বা জরিমানায় বা উভয়থা দণ্ডিত হইবেন।

*ব্যাখ্যা* ১। — বিধিসম্মত উপায়ে ভারতের সংবিধানের কোন সংশোধন অথবা ভারতের জাতীয় পতাকায় কোন পরিবর্তন করিবার উদ্দেশ্যে সংবিধান বা ভারতের জাতীয় পতাকার অথবা সরকারের কোন ব্যবস্থার প্রতি অননুমোদন বা সমালোচনা ব্যক্ত করিয়া কোন মন্তব্য এই ধারার অধীন কোন অপরাধ হইবে না।

*ব্যাখ্যা* ২। — "ভারতের জাতীয় পতাকা" এই কথাটি, ভারতের জাতীয় পতাকা বা উহার কোন অংশ বা অংশসমূহের, কোন পদার্থ নির্মিত বা কোন পদার্থের উপর প্রতিরূপিত কোন ছবি, চিত্রাঙ্কন, অঙ্কন বা আলোকচিত্র বা অন্যবিধ দৃশ্যমান প্রতিরূপণকে অন্তর্ভুক্ত করে।

*ব্যাখ্যা* ৩। — "সার্বজনিক স্থান" এই কথাটি বলিতে জনসাধারণের ব্যবহারের জন্য অভিপ্রেত বা অভিগম্য কোন স্থান বুঝায় এবং উহা যেকোন সার্বজনিক বাহনকে অন্তর্ভুক্ত করে।

*ব্যাখ্যা* ৪। — ভারতের জাতীয় পতাকার প্রতি অশ্রদ্ধা বলিতে বুঝায় ও অন্তর্ভুক্ত করে—

(ক) ভারতের জাতীয় পতাকার ঘোরতর প্রকাশ্য অবমাননা বা অমর্যাদা করা; বা

(খ) কোন ব্যক্তি বা বস্তুর প্রতি অভিবাদনস্বরূপ ভারতের জাতীয় পতাকাকে অবনমিত করা; বা

(গ) যে সকল উপলক্ষে ভারতের জাতীয় পতাকাকে সরকার কর্তৃক জারিকৃত অনুদেশ অনুসারে সরকারী ভবনসমূহের উপর অর্ধনমিতরূপে ওড়ান হয় তদ্ব্যতীত অর্ধনমিতরূপে ভারতের জাতীয় পতাকা ওড়ান; বা

(ঘ) রাষ্ট্রীয় অন্ত্যেষ্টি অথবা সশস্ত্র বাহিনী বা অন্য আধা-সামরিক বাহিনীর অন্ত্যেষ্টি ব্যতীত যেকোন রূপেই হউক না কেন ভারতের জাতীয় পতাকাকে আচ্ছাদনরূপে ব্যবহার করা; বা

(ঙ) ভারতের জাতীয় পতাকাকে, —

(i) কোনপ্রকারের পোযাক-পরিচ্ছদ, উর্দি বা সাজ-অনুষঙ্গের অংশরূপে কোন ব্যক্তির কটিদেশের নিচে পরিধেয় হিসাবে; বা

(ii) কুশন, রুমাল, ন্যাপকিন, অন্তর্বাস বা কোন পরিধান সামগ্রীর উপর কারুকার্য বা মুদ্রণ করিবার মাধ্যমে

ব্যবহার করা; বা

(চ) ভারতের জাতীয় পতাকার উপর কোনপ্রকার উৎকীর্ণ লিপি স্থাপন করা; বা

(ছ) ভারতের জাতীয় পতাকাকে, সাধারণতন্ত্র দিবস বা স্বাধীনতা দিবস সমেত বিশেষ বিশেষ উপলক্ষে উদযাপনের অংশরূপে উন্মোচনের পূর্বে ফুলের পাপড়ি ব্যতীত অন্য কোনকিছু প্রাপ্ত করিবার, অর্পণ করিবার বা বহন করিবার আধাররূপে ভারতের জাতীয় পতাকারে ব্যবহার করা; বা

(জ) ভারতের জাতীয় পতাকাকে কোন মূর্তি, বা স্মারকস্থান বা কোন বক্তার ডেস্ক বা বক্তার মঞ্চ আবৃত করিবার জন্য ব্যবহার করা; বা

(ঝ) ভারতের জাতীয় পতাকাকে সাভিপ্রায়ে ভূতল বা মেঝে স্পর্শ করিতে বা জলে টানিয়া লইয়া যাইতে দেওয়া; বা

(ঞ) ভারতের জাতীয় পতাকাকে কোন যান, রেলগাড়ি, নৌকা বা বিমান বা অনুরূপ অন্য কোন বস্তুর চাল, শিখর এবং পার্শ্বভাগ বা পশ্চাদভাগের উপর আচ্ছাদিত করা; বা

(ট) ভারতের জাতীয় পতাকাকে কোন ভবন আবৃত করিবার জন্য ব্যবহার করা; বা

(ঠ) সাভিপ্রায়ে ভারতের জাতীয় পতাকার গেরুয়া রং নিচের দিকে সম্প্রদর্শিত করা।

ভারতের জাতীয় সঙ্গীত গাওয়া নিবারণ করা, ইত্যাদি।

৩। যে কেহ সাভিপ্রায়ে ভারতে জাতীয় সঙ্গীত গাওয়া নিবারণ করেন অথবা ঐরূপ গানে ব্যাপৃত সমাবেশে বিঘ্ন ঘটান তিনি তিন বৎসর পর্যন্ত হইতে পারে এরূপ মেয়াদের কারাবাসে, বা জরিমানায়, বা উভয়থা দন্ডিত হইবেন।

দ্বিতীয় ও পরবর্তী দোষসিদ্ধিতে বর্ধিত দণ্ড।

৩অ। যে কেহ, ২ ধারা বা ৩ ধারার অধীন কোন অপরাধে ইতঃপূর্বে দোষসিদ্ধ হইয়া পুনরায় ঐরূপ অপরাধে দোষসিদ্ধ হন তিনি, দ্বিতীয় এবং তৎপরবর্তী প্রত্যেক অপরাধের জন্য অন্যূন এক বৎসর মেয়াদের কারাবাসে দণ্ডনীয় হইবেন।

ভারত সরকারের পক্ষে পশ্চিমবঙ্গ সরকারের বিধি বিভাগ কর্তৃক প্রকাশিত এবং সরস্বতী প্রেস লিমিটেড
(পশ্চিমবঙ্গ সরকারের একটি উদ্যোগ), কলকাতা-৭০০০৫৬-এ মুদ্রিত।
SPL-2025-50-LAW/450-L(LW/O/1M-75/2023)